# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 14-10-2025** **Time: 1.40 P.M.**

দুর্গাপুরের বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসক পড়ুয়াকে গণধর্ষণ কাণ্ডে ধৃত শেখ রিয়াজউদ্দিন ও শেখ নাসির উদ্দিনকে আজ ঘটনাস্থলে নিয়ে যায় দুর্গাপুর এবং নিউটাউনশিপ থানার পুলিশের যৌথ দল।

বিজরা গ্রামেও তাদের নিয়ে যাওয়া হয়। অভিযুক্তদের বাড়িতে তল্লাশি চালানোর পাশাপাশি স্থানীয়দের জিজ্ঞাসাবাদও করা হয়েছে বলে জানা গেছে।
পরে বাকি অভিযুক্ত ও নির্যাতিতার সহপাঠী বন্ধুকেও অকুস্থলে নিয়ে যাওয়া হয়।
আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডিসিপি অভিষেক গুপ্তার নেতৃত্বে পুলিশ বাহিনী মেডিকেল কলেজ হয়ে হেঁটে অকুস্থলে যান। সেখানে অভিযুক্তদের নিয়ে গিয়ে সেদিন ঠিক কি ঘটেছিল তার সরেজমিনে তদন্ত করা হচ্ছে।

oooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের দুর্গাপুরের বেসরকারি মেডিক্যাল কলেজের MBBS ছাত্রীর গণধর্ষণের অভিযোগের প্রেক্ষিতে জাতীয় **মহিলা কমিশনের** সদস্য ডক্টর **অর্চনা মজুমদার**, রিপোর্ট পেশ করেছেন। এর ওপর ভিত্তি করে কমিশন বেশ কিছু সুপারিশ করেছে। কমিশনের চেয়ারপার্সন বিজয়া রাহাতকার এক্স হ্যান্ডেলের এক বার্তায় বলেছেন, বিষয়টি জানিয়ে রাজ্যপাল সি ভি আনন্দ বোস এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী-কে চিঠি দেওয়া হয়েছে। একইসঙ্গে কমিশনের পর্যবেক্ষণের ওপর ভিত্তি করে দ্রুত এবং সময়মতো উপযুক্ত পদক্ষেপ নেওয়ার আবেদন'ও জানান তিনি।

উল্লেখ্য, নির্যাতিতা, হাসপাতাল কর্তৃপক্ষ, ঘটনাস্থল এবং প্রশাসনের আধিকারিকদের সঙ্গে কথা বলার পর জমা দেওয়া ওই রিপোর্টে অপরাধের নৃশংসতা এবং প্রশাসনিক ও নিরাপত্তা ক্ষেত্রে গাফিলতির দিকগুলি তুলে ধরা হয়েছে। অকুস্থলের যথাযথ সংরক্ষণ এবং দ্রুত ফরেন্সিক পরীক্ষা করতে পুলিশ ব্যর্থ হয়েছে বলেও ওই রিপোর্টে জানানো হয়েছে। শ্রীমতী রাহাতকার জানিয়েছেন, কমিশনের পক্ষ থেকে তদন্তের গতিপ্রকৃতির ওপর নজর রাখা ছাড়াও, নির্যাতিতার সুচিকিৎসা এবং বিচার না মেলা পর্যন্ত মেয়েটির পড়াশোনায় যাতে বিঘ্ন না ঘটে, সেই দিকটি'ও সুনিশ্চিত করা হবে।

**ওড়িশা মহিলা কমিশনের চেয়ারপার্সন শোভনা মহান্তি,** গতকাল নির্যাতিতার সঙ্গে দেখা করে জানান, তাঁর আরো উন্নত চিকিৎসা হওয়া প্রয়োজন। এই ঘটনায় ইতমধ্যেই পাঁচ জন গ্রেপ্তার হলেও, মূল অভিযুক্ত এখনো অধরা বলে নির্যাতিতার বাবা জানিয়েছেন। ডাক্তারি পড়ুয়ার চিকিৎসা ভুবনেশ্বরে নিয়ে গিয়ে করাতে চান বলেও তিনি জানান।

oooooooooooooooooooo

দুর্গাপুরের বেসরকারি মেডিক্যাল কলেজের ছাত্রী ধর্ষণের ঘটনায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে কলেজ কতৃপক্ষ। বিচারপতি শম্পা দত্ত পালের বেঞ্চে দায়ের হল মামলা। আইনজীবী সব্যসাচী ব্যানার্জি এদিন বিচারপতির দৃষ্টি আকর্ষণ করে আর্জি জানান," কলেজে পরীক্ষা চলছে, বাইরে অনেক মানুষের জমায়েত। এই পরিস্থিতিতে কলেজে পুলিশের নিরাপত্তা দেওয়া হোক। "পাশাপাশি হাইকোর্টের হস্তক্ষেপ চেয়েছে বেসরকারি মেডিক্যাল কলেজ। তবে বিচারপতি পাল মামলা দায়ের করার অনুমতি দিলেও মামলার শুনানি হবে আগামী ১৬ নভেম্বর।

oooooooooooooooooooo

বেহাল তারাতলা রোড সংস্কারের দাবিতে সকালে রাস্তায় নেমে বিক্ষোভে সামিল হন ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সেরেব্রাল পলসি (IICP)-এর সদস্যরা। হুইল চেয়ারেও অনেকে অবরোধ সামিল হন। দীর্ঘদিন ধরে এই রাস্তায় বিশাল গর্ত, জলজমা ও খানাখন্দের কারণে যাতায়াতে চরম দুর্ভোগের শিকার হচ্ছেন স্থানীয় বাসিন্দা ও নিত্যযাত্রীরা। বর্ষার পর রাস্তাটির অবস্থা আরও খারাপ হয়েছে।

এই তারাতলা রোড দিয়েই মহেশতলা, বজবজ, জিনজিরা বাজার, মেটিয়াবুরুজ ও গার্ডেনরিচের হাজার হাজার মানুষ প্রতিদিন যাতায়াত করেন। কিন্তু বেহাল রাস্তায় দুর্ঘটনা ও যানজট এখন নিত্যনৈমিত্তিক। সেই কারণেই আজ রাস্তায় নেমে সংস্কারের দাবিতে পথ অবরোধ করেন বিক্ষোভকারীরা।

অবরোধের ফলে দীর্ঘ যানজট সৃষ্টি হয় তারাতলা রোডের বিভিন্ন প্রান্তে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় তারাতলা থানার পুলিশ। পুলিশ অবরোধ তুলতে গেলে বিক্ষোভকারীদের সঙ্গে ধস্তাধস্তির পরিস্থিতি তৈরি হয়। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। বিক্ষোভকারীদের দাবি, যত দ্রুত সম্ভব রাস্তা সংস্কারের স্থায়ী ব্যবস্থা না নিলে আরও বৃহত্তর আন্দোলনে নামবেন তারা।

ooooooooooooooooooo

উত্তরবঙ্গে সাম্প্রতিক দুর্যোগে বন্যা ও ভূমিধসে ক্ষতিগ্রস্ত এলাকার পুনর্গঠনের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে সেখানে সফররত মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ বন্যা বিধ্বস্ত  এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। স্থানীয় ক্ষতিগ্রস্ত মানুষজনের সঙ্গে কথা বলা ছাড়াও তিনি বিভিন্ন ত্রাণ শিবির ঘুরে দেখবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। আগামীকাল তার কলকাতায় ফেরার কথা।

oooooooooooooooooo

বন্যা ও ধসে ক্ষতিগ্রস্ত উত্তরবঙ্গের জন্য ত্রাণ সামগ্রী পাঠানো হয়েছে কেন্দ্রীয় সরকারের তরফে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন, কেন্দ্র সরকার ও

বিজেপি ত্রাণ কার্যে সাহায্য করছে। ত্রাণ সামগ্রীর মধ্যে প্রায় আড়াই হাজার পলিথিন শিটস রয়েছে বলেও সুকান্ত মজুমদার জানান।

০০০০০০০০০০০০০০০০০০

দেশব্যাপী সাধারণ মানুষেজনকে সিপিআর প্রশিক্ষণে যুক্ত করতে কেন্দ্রীয় সরকারের উদ্যোগকে কার্যকর করবার জন্য নদিয়ার কল্যাণী এইমসে সচেতনতার কর্মসূচি চালানো হচ্ছে। সাধারণ মানুষজনকে সিপিআর এর উপর প্রশিক্ষণ দেয়া হচ্ছে। এই কর্মসূচি চলবে ১৭ ই অক্টোবর পর্যন্ত। কল্যাণী এইমসে নোডাল অফিসার ডক্টর প্রফেসর আঞ্জুম নাজ এ নিয়ে বিস্তারিত জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০

স্নাতক স্তরে ফাঁকা আসনগুলিতে এবার কলেজ-বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিজেরাই ভর্তি করতে পারবে। ৭ই নভেম্বরের মধ্যে এই ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করতে হবে বলে শিক্ষা দপ্তর জানিয়েছে। ইতিমধ্যেই কয়েকটি কলেজ তাদের নিজেদের পোর্টাল খুলে আবেদন নেওয়া শুরু করেছে।

এবছর স্নাতক স্তরে ভর্তির জন্য অভিন্ন পোর্টাল চালু করেছিল উচ্চ শিক্ষা দপ্তর। তবে দু দফায় কাউন্সেলিং মিলিয়ে এখন প্রায় ২৯ শতাংশ আসন ভর্তি হয়েছে। ২ লক্ষ ৬৯ হাজার ৭৭৭ জন ছাত্রছাত্রী ভর্তি হয়েছেন। মোট আসনের সংখ্যা ৯ লক্ষ ৩৬ হাজারের বেশি। ফাঁকা আসনগুলিতে ছাত্রছাত্রীদের ভর্তি করতে এই ব্যবস্থার বিকেন্দ্রীকরণ করেছে শিক্ষা দপ্তর। সেই অনুযায়ী কলেজগুলি নিজেদের মতো করে ভর্তি প্রক্রিয়া চালাতে পারবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকারের তৃতীয় পর্যায়ের তামাক মুক্ত যুব অভিযান ও কার্ডিও পালমোনারি রেসাসিটেশন সচেতনতা সপ্তাহ উপলক্ষে আজকের খবরের আয়নায়

শুনবেন বিশিষ্ট হৃদরোগ বিশেষজ্ঞ চিকিৎসক সৌমিত্র রায়ের মতামত। অনুষ্ঠানটি শোনা যাবে রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, স্থানীয় সংবাদের ঠিক পরেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আইএফএ শিল্ড ফুটবলে ইস্টবেঙ্গল আজ নামধারী FC-র মুখোমুখি হবে। কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে দুপুর আড়াইটেয়।

তিন দলের এই গ্রুপে ইস্টবেঙ্গল ৪-০ গোলে শ্রীনিধি ডেকান FC-কে হারিয়েছিল। অন্যদিকে, নামধারী FC ৩-০ গোলে শ্রীনিধির বিরুদ্ধে জয়ী হয়েছিল। গোল পার্থক্যে এগিয়ে থাকায় আজকের ম্যাচে ড্র করলেই ফাইনালে পৌঁছে যাবে ইস্টবেঙ্গল।

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০